খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
Khulna Water Supply & Sewerage Authority
১০৬২/১ক, যশোর রোড, খুলনা-৯১০০।

স্মারক নং- ৪৬.২০৬.০১৬.০০.০০.০০৪.২০১০.১৮৫০ তারিখ : ৩০/৭/২০১৬ খ্রি:

বিষয়: স্থানীয় সরকার বিভাগের ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।
সূত্র: ৪৬.০৯১.০১৬.০০.০০.০০২.২০১১-৬০, তারিখ:১৬/০৭/২০১৬ খ্রি: মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে চাহিত খুলনা ওয়াসার তথ্যাদি প্রেরিত ছকে পূরণ পূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:৫ পাতার ১ফর্দ।

(মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

**Phone :** +88-041-2830557, +88-041-2831759, +88-041-810608, +88-041-722395, **Fax:** +88-041-720857, **e-mail:** mdkwasa@yahoo.com
পানি ব্যবহারে মিতব্যয়ী হউন, নিয়মিত বিল পরিশোধ করুন।

# খুলনা ওয়াসার ২০১৫-১৬ অর্থ বছরের কর্মকান্ডের উপর চাহিত তথ্য প্রতিবেদন।

১। **ভূমিকা:** নগরবাসীর চাহিদা অনুযায়ী খুলনা ওয়াসা নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে।

২। **বিবর্তনের ইতিহাস :** খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চহিদার পরিপ্রেক্ষিতে গত ২/৩/২০০৮ খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসার সৃষ্টি হয়।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য :** খুলনা শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার খুলনা ওয়াসা ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। খুলনা ওয়াসা খুলনা নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও পাইপ লাইন এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট-হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ট্যাংকির মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

৪। **সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :** ২৫/১১/০৮ খ্রিঃ তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। ১ জন উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থও প্রশাসন) ও ১ জন সচিব কে প্রেষনে সরকার কর্তৃক নিয়োগ দেওয়া হয়েছে। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান ২০৪১৫-১৬ অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং ভবিষ্যতের চাহিদা বিবেচনায় রেখে বর্তমানে অতিরিক্ত জনবল প্রয়োজন বিধায় সংশোধিত সাগঠনিক কাঠামো অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। এরই পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক অস্থায়ীভাবে ৭৬টি পদ সৃজনে মঞ্জুরী জ্ঞাপন করা হয়েছে। খুলনা ওয়াসার সাংগঠনিক জনবলের তথ্য নীচে দেখানো হলো :

| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ম গ্রেড | - | | ১১তম গ্রেড | - | - |
| ২য় গ্রেড | ১টি | ১টি | ১২ তম গ্রেড | - | - |
| ৩য় গ্রেড | ১টি | ১টি | ১৩ তম গ্রেড | ১১ টি | - |
| ৪র্থগ্রেড | ১ টি | ২ টি | ১৪তম গ্রেড | ৬ টি | - |
| ৫ম গ্রেড | ২ টি | ২ টি | ১৫তম গ্রেড | ৯ টি | ১টি |
| ৬ষ্ঠ গ্রেড | ৫ টি | ৩ টি | ১৬ তম গ্রেড | ৬০ টি | ৩৭টি |
| ৭ম গ্রেড | - | - | ১৭তম গ্রেড | ৪ টি | ৩টি |
| ৮ম গ্রেড | - | - | ১৮তম গ্রেড | ৬০ টি | ২৭টি |
| ৯ম গ্রেড | ৯ টি | ৩ টি | ১৯তম গ্রেড | ২১ টি | ১৪টি |
| ১০ম গ্রেড | ২০ টি | ১৪ টি | ২০তম গ্রেড | ২২ টি (আউট সোর্সিং) | - |

বি:দ্র: এছাড়া ওয়াসা সৃষ্টির সময় খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টাররোল কর্মচারী কর্মরত রয়েছে।

৫। **২০১৫ - ১৬ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী:**

| খাত | লক্ষ্য মাত্রা | অর্জন | বকেয়া/বকেয়া আদায় | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| পানির বিল | ২,১০,৬১,৮৫১/- | ২,৩৪,১৩,৮৩৯/- | অতিরিক্ত ২৩,৫১,৯৮৮/ টাকা পূর্বের বকেয়া আদায় | * ডিমান্ড নোটিশ প্রদান।<br>* ডিমান্ড নোটিশ অনুসারে আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি গিয়ে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ।<br>* বকেয়া আদায়ের লক্ষে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>* কম্পিউটারাইজড বিল প্রদান।<br>* বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা, টেলিভিশনে স্ক্রল নিউজ প্রদর্শন।<br>* সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ৬,৮২,৫৯২/- | ৭,১৮,৫১৮/- | | |
| গভীর নলকূপ হতে রাজস্ব | ১,২৬,৮২৫/- | ১,৩৩,৫০০/- | | |
| গাড়ীতে পানি বিক্রয় | ১,৫১,৬২০/- | ১,৫৯,৬০০/- | | |
| দরপত্র /সিডিউল বিক্রয় | ৫৯,৬৬০/- | ৬২,৮০০/- | | |
| বিবিধ (পানির সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ১,২৭,৯৮৪/- | ১,৩৪,৭২০/- | | |
| মোট= | ২,২২,১০,৪৭২/- | ২,৪৬,২২,৯৭৭/- | | |

(লক্ষ টাকায়)

## ৬. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৫-১৬ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৫-১৬ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | অর্থিক | বাস্তব | অর্থিক |
| ১ | খুলনা পানি সরবরাহ প্রকল্প। প্রকল্প ব্যয়: ২৫৫৮৩৩.৭২ (ADB = ৫২৩৭৭.৯৬ , JICA = ১২৮৪১২.৭৮ এবং GOB = ৭৫০৪২.৯৮) বাস্তবায়নকাল: জুলাই ২০১১ - জুন ২০১৭ | খুলনা মহানগরীতে পর্যাপ্ত পরিমান সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করণে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমিয়ে ভূ-উপরিস্থ পানি শোধনকরে দৈনিক ১১ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ করা। যাহার মধ্যেমে পানি সরবরাহের কভারেজ প্রায় ৪৬% বৃদ্ধি পাবে। | **রাজস্ব খাত** | | | | |
| | | | পরামর্শক জাইকা ও এডিবি অংশ (বৈদেশিক ও স্থানীয় পরামর্শক,সাপোর্টিং স্টাফ এবং পরামর্শকের জন্য সরাসরি খরচ, আবাসন- অফিস ভাড়া,যানবহন ভাড়া, ও স্থানীয় যোগাযোগ এবং রিপোর্ট তৈরি) | জনমাস | ১২৭৫.০০ | জনমাস | ১২৭৫.০০ |
| | | | অফিসার ও কর্মচারীদের বেতন | থোক | ৬২.৯৬ | থোক | ৬২.৯৬ |
| | | | জ্বালনী ও রক্ষনাবেক্ষণ ও বিবিধ (পিএসসি/ পিআইসি/টেক সদস্যদের সম্মানী) | থোক | ২১.০৪ | থোক | ২১.০৪ |
| | | | মোট রাজস্ব ব্যয় = | | ১৩৫৯.০০ | | ১৩৫৯.০০ |
| | | | **মুলধন খাত** | | | | |
| | | | ১১০ MLD Surface Water Treatment Plant নির্মাণ ও ১টি ৭৭৫ মিলিয়ন লিটার ধারণক্ষম Impounding Reservoir নির্মাণ | ২৫% | ২০৭৬.০৬ | ২৫% | ২০৭৬.৫৯ |
| | | | ১টি ১১০ MLD ক্ষমতার Water Intake facility নির্মাণ ও ৩৩ কিঃ মিঃ Raw Water Transmission pipe Line | ১৫% | ৯৪৫৮.১৩ | ১৫% | ৯৪৫৮.১৩ |
| | | | ৩৬ কিঃ মিঃ Clear Water Transmission pipe Line নির্মাণ | ২০% | ২৬৪৩.৮৮ | ২০% | ২৬৪৩.৮৮ |
| | | | ১০টি ওভারহেড ট্যাঙ্ক এবং ৭টি Distribution Reservoir নির্মাণ | ৩২% | ৬৬২২.০০ | ৩২% | ৬৬২১.৫২ |
| | | | ৬৫০কিঃ মিঃ বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপ লাইন নির্মাণ | ১৯% | ৭১৬৩.০০ | ১৯% | ৭১৬২.৮৫ |
| | | | ৬ তলা বিশিষ্ট ওয়াসা প্রধান অফিস ও দুইটি জোনাল অফিস নির্মাণ | ৩০% | ১০৪৮.১২ | ৩০% | ১০৪৮.১২ |
| | | | সুপেয় পানির বোতলজাতকরণ প্লান্ট নির্মাণ ১টি | | | | |
| | | | **সম্পদ সংগ্রহ ও ক্রয়** | | | | |
| | | | অপারেশনাল যানবাহন ২টি | ১৫% | ৭৫.৫৭ | ১৫% | ৭৫.৫৭ |
| | | | অফিস সাপ্লাই, ফার্নিচার, এয়ার কুলার | থোক | ৬০.২২ | থোক | ৬০.২২ |
| | | | হার্ডওয়্যার ও সফটওয়্যার কার্যক্রম গ্রহণ | থোক | ৩৩.৫২ | থোক | ৩৩.৫২ |
| | | | পুণর্বাসন ( ভূমি ও সম্পদের ক্ষতিপূরণ) | থোক | ০.৮২ | থোক | ০.৮২ |
| | | | ভ্যাট-১ (স্থানীয় ও বিদেশী পরমর্শকের জন্য অর্থের ১৫%) | থোক | ২৮৭০.৬৮ | থোক | ২৮৭০.৭৮ |
| | | | আমদানী শুল্ক ( নির্মাণ/প্রকিউরমেন্ট এর জন্য বৈদেশীক অর্থের ৩০%) | থোক | ৬৫০০.০০ | থোক | ৬৫০০.০০ |
| | | | মোট মুলধন ব্যয় = | | ৩৮৫৫২.০০ | | ৩৮৫৫২.০০ |
| | | | মোট ব্যয় (রাজস্ব + মুলধন) = | | ৩৯৯১১.০০ | | ৩৯৯১১.০০ |

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৫-১৬ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৫-১৬ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | উৎপাদক নলকূপ স্থাপন এবং পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন।<br>প্রকল্প ব্যয়: ২৩১৬.৬৫ (জিওবি- ১৯৬৮.২৮ নিজস্ব তহবিল:- ৩৪৭.৩৬)<br>বাস্তবায়নকাল: জুলাই'২০১৪- ডিসেম্বর'২০১৬ | চলমান পানি সংকট মোকাবেলা করার জন্য মহানগরীতে ৮ এমএলডি (৮০ লক্ষ লিটার) পানি সবরাহ করা। পানি সরবরাহ পাইপ লাইন স্থাপন ও মিটারসহ পানির সংযোগ প্রদান করে পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি করা। | **ক. রাজস্ব খাত** | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | | | অফিস সাপ্লাইজ, লজেস্টিক সাপোর্ট,সম্মানী অন্যান্য ব্যয় | থোক | ৪.০০ | থোক | ৪.০০ |
| | | | মোট রাজস্ব ব্যয় = | | ৪.০০ | | ৪.০০ |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | মালামাল | | | | |
| | | | গভীর উৎপাদক নলকূপের মালামাল (পাইপ, ফিটিংস, পাম্প মোটরসহ ইলেকট্রিক ও ম্যাকানিকাল মালামাল) | ৮টি | ২৩৯.০০ | ৮টি | ২৩৯.০০ |
| | | | পানিসরবরাহ লাইনের পাইপ ও ফিটিংসের মালামাল | ৮.৪৭ কি:মি: | ৭৩.০০ | ৮.৪৭ কি:মি: | ৭৩.০০ |
| | | | ওয়াটার ফ্লো মিটার | ৫০০টি | ৭.০০ | ৫০০টি | ৭.০০ |
| | | | স্থাপন কাজ | | | | |
| | | | গভীর উৎপাদক নলকূপ স্থাপন (টেস্ট টিউব ওয়েল ও পাম্প হাউজ নির্মাণ) | ৫টি | ১৯৭.০০ | ৫টি | ১৯৭.০০ |
| | | | ফ্লো মিটার চেম্বার নির্মাণ ফিটিংসসহ | ৩৫০০টি | ১২.০০ | ৩৫০০টি | ১২.০০ |
| | | | পানি সরবরাহ পাইপ লাইন নির্মাণ ফিটিংসসহ | ৩ কি:মি: | ১২.০০ | ৩ কি:মি: | ১২.০০ |
| | | | রাস্তা কাটা ক্ষতিপুরন | ৩ কি:মি: | ৬৭.০০ | ৩ কি:মি: | ৬৭.০০ |
| | | | মোটর সাইকেল | ২টি | ৩.০০ | ২টি | ৩.০০ |
| | | | মোট মুলধন ব্যয় = | | ১৪৮.০০ | | ১৪৮.০০ |
| | | | মোট ব্যয় (রাজস্ব + মুলধন) = | | ১৫০.০০ | | ১৫০.০০ |

## ৭। মানব সম্পদ উন্নয়ন :

দেশে প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০৪/১০/২০১৫ হতে ০৮/১০/২০১৫<br>আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, বয়রা, খুলনা। | ২ জন | 10th Computer Literacy Course (Class-IV). |
| ২ | ৩০/১১/২০১৫ হতে ০১/১২/২০১৫<br>Water and Sanitation Program in South Asia world Bank Office Agargoan , Sher-e-Bangla Nagar, Dhaka. | ২ জন | Bangladeshi Utilities Benchmarking Data Uqality and Services এর উপর প্রশিক্ষণ। |
| ৩ | ২৮/০৫/২০১৬ হতে ২৯/০৫/২০১৬<br>খুলনা ওয়াসার প্রশিক্ষণ কক্ষ, খুলনা ওয়াসা। | ১৬ জন | Water Meter Installation and Management শীর্ষক প্রশিক্ষণ। |
| ৪ | ২৯/০৫/২০১৬ হতে ৩০/০৫/২০১৬<br>খুলনা ওয়াসার প্রশিক্ষণ কক্ষ, খুলনা ওয়াসা। | ২০ জন | Water Meter Installation for Field Level Technicians শীর্ষক প্রশিক্ষণ। |
| ৫ | ২৪/০৫/২০১৬ হতে ২৫/০৫/২০১৬<br>খুলনা ওয়াসার প্রশিক্ষণ কক্ষ, খুলনা ওয়াসা। | ১৪ জন | Traning Program on customer Data Varification and Plotting in GIS MAP শীর্ষক প্রশিক্ষণ। |

বিদেশে প্রশিক্ষণ:

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০৯/০২/২০১৬ হতে ২৬/০২/২০১৬<br>জাপান | ২ জন | Training Program on knowledge Co-creation program for young Leaders (Urban Enviormental Management (JI540046) |

## ৮। অডিট সংক্রান্ত তথ্য:

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে মোট ৩৪ টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ২৭ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৭ টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৪ টি আপত্তি হতে এ পর্যন্ত ০৬ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৫ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ১১ টি অপত্তি নিস্পত্তি হয়েছে। অবশিষ্ট ২১ টি অগ্রিম অনুচ্ছেদ ও ০২ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ২৩ টি অনুচ্ছেদের নিস্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে, যার মাধ্যে ১৯ টি অগ্রিম অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

## ৯। ২০১৫ - ১৬ অর্থ বছরের অর্জন/ সাফল্য :


- "খুলনা শহরের পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন ও সম্প্রসারণ" নতুন প্রকল্পটি ২৪/১১/২০১৫ খ্রিঃ তারিখ একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয়: ৩৩৪৮.২৯ লক্ষ টাকা। যাহার বাস্তবায়ন কাজ শুরু করা হয়েছে। প্রকল্পটি জুন ২০১৮ সালে সমাপ্ত হলে ২০ এম ল ডি পানি সরবরাহ করা সম্ভব হবে।
- পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে মাসিক ফ্ল্যাট রেইট এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর পক্রিয়া হিসাবে ২০১৫-১৬ অর্থ বছরের ৩,৭০০ টি মিটার স্থাপন করা হয়েছে ।
- পানি সরবরাহের পাইপ লাইনে ৯৫ টি লিক মেরামত করে পানির অপচয় (এনআরডব্লিউ) হ্রাস করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- মোবাইল ফোনের মাধ্যমে পানির বিল ও নতুন সংযোগের ফি গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- গ্রাহকের নতুন পানির সংযোগ প্রদান ৩০ কর্ম দিবস হতে হ্রাস করে ২০ কর্ম দিবসে আনায়ন করা হয়েছে।
- খুলনা মহানগরীতে ২ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে, যাহার মাধ্যমে ২ এমএলডি পানি উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।
- "খুলনা পানি সরবরাহ প্রকল্প " এর আওতায় কার্যক্রম:

  - খুলনা ওয়াসার ১০ তলা বিশিষ্ট (প্রথম পর্যায়ে ৬ তলা) প্রধান কার্যালয় ভবনের নির্মাণ কাজ জুন ২০১৬-তে সমাপ্ত হয়েছে।



জুন ২০১৬-তে সমাপ্ত খুলনা ওয়াসা ভবন।

  - খুলনা মহানগরীতে বিভিন্ন স্থানে ৭টি Distribution Reservoir এবং ১০ টি Overhead Tanks এর নির্মাণ কাজ চলমান রয়েছে । ইতমধ্যে ৬৫% কাজ সমাপ্ত হয়েছে। বাকি কাজ ৩০/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন হবে।



৬৫০ ঘন মিটার ক্ষমতা সম্পন্ন Overhead Tank এর নির্মাণ। কাজ।

❖ Clear Water Transmission Mains including River crossing কাজের আওতায় ১২০০ মি:মি: (৪৮") ব্যাসের ডাকটাইল আয়রন পাইপ ও ফিটিংসসহ ৩৩ কি:মি: মালামাল আমদানী করা হয়েছে এবং পাইপ স্থাপনের কাজ শুরু হয়েছে। মোট কাজের ৩০% সমাপ্ত হয়েছে, বাকি কাজ ২৮/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন হবে।



Clear Water Transmission Mains এর ডাকটাইল আয়রন পাইপ ও ফিটিংসের মালামাল।

❖ Distribution Pipe Network কাজের আওতায় বিভিন্ন ব্যাসের ডাকটাইল আয়রন পাইপ ও ফিটিংস ৫৮ কি:মি: এবং এইচডিপিই পাইপ ও ফিটিংস ৪০০ কি:মি: এর মালামাল ইতোমধ্যে বিদেশ হতে আমদানী করা হয়েছে এবং ইতমধ্যে ডাকটাইল আয়রন পাইপ ৭.৫ কি:মি: এবং এইচডিপিই পাইপ ১৫ কি:মি: স্থাপন করা হয়েছে । বাকি কাজ ৩০/১২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন হবে।



মহানগরীতে বিভিন্ন ব্যাসের ডাকটাইল আয়রন ও এইচডিপি পাইপ ও ফিটিংস স্থাপন

❖ Impounding Reservoir & Surface Water Treatment Plant কাজের আওতায় Reservoir নির্মাণের জন্য স্টিল সিট পাইল বিদেশ হতে আমদানী এবং Driving এর কাজ সম্পন্ন হয়েছে। cast-in-situ pile এর কাজ চলমান রয়েছে। সাইটে প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী মজুদ করা হয়েছে। বর্তমান কাজের বাস্তব অগ্রগতি ৩০%। কাজটি ৩০/১২/২০১৭ খ্রিঃ তারিখে সম্পন্ন হবে।



১১০ MLD ধারন ক্ষমতা সম্পন্ন Surface Water Treatment Plant নির্মাণ।

❖ Water Intake facilities and Raw Water Transmission Pipe line নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে সার্ভে কাজ সম্পন্ন হয়েছে এবং ঠিকাদার মোবিলাইজেশন এর প্রস্তুতি নিয়ে মাঠ পর্যায়ে কাজ শুরু করেছে। কাজটি সেপ্টেম্বর, ২০১৮ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

(মোঃ রেজাউল ইসলাম)
প্রকল্প পরিচালক
ও
নির্বাহী প্রকৌশলী
খুলনা ওয়াসা, খুলনা।

প্রকৌঃ এম. ডি. কামালউদ্দিন আহমেদ
প্রকল্প পরিচালক, খুলনা পানি সরবরাহ প্রকল্প
ও
উপ- ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল)
খুলনা ওয়াসা, খুলনা।